তারিখ 02 MAR 1992
পৃষ্ঠা ২ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

22

## শিক্ষা বিষয়ক জাতীয় কমিটি গঠন

বাসস জানায়, শিক্ষামন্ত্রী ও শিক্ষা প্রতিমন্ত্রীকে যথাক্রমে সভাপতি ও সহ-সভাপতি করিয়া সরকার গতকাল রবিবার ৪৮ সদস্য-বিশিষ্ট শিক্ষা বিষয়ক জাতীয় কমিটি গঠন করিয়াছে। ২000 সালে সকলের জন্য শিক্ষা'র ব্যাপারে বিশ্ব সম্মেলনে যে অঙ্গীকার ব্যক্ত করা হইয়াছিল তাহা বাস্তবায়ন

( শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## শিক্ষা বিষয়ক

( ১ম পৃঃ পর )

এবং ২000 সাল নাগাদ সকলের জন্য শিক্ষা নিশ্চিতকরণ এবং জাতীয় পরিকল্পনা কার্যকর করার ব্যাপারে কমিটি সরকারকে পরামর্শ প্রদান করিবে। সংসদ সদস্য সংশ্লিষ্ট দফতরের সচিব, মহা পরিচালক, উচ্চপদস্থ কর্মকর্তা, শিক্ষাবিদ, সাংবাদিক, সমাজকর্মী, এনজিও নেতৃবৃন্দ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, জাতীয় পাঠক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যানগণ এই কমিটিতে থাকিবেন। শিক্ষা বিভাগের পরিকল্পনা প্রধান কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন।

## শিক্ষা সংক্রান্ত সংসদ বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটির বৈঠক অনুষ্ঠিত

গত শনিবার শিক্ষামন্ত্রী জমিরউদ্দীন সরকারের সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদ বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় ৪ হাজার ৪শত শূন্য প্রাথমিক শিক্ষকের পদ পুরণ, সরকারী মাধ্যমিক স্কুলে শিক্ষক নিয়োগ, শিক্ষকদের বদলি এবং সকল স্তরে বিজ্ঞান শিক্ষার উন্নয়নের জন্য বেসরকারী স্কুল ও কলেজে এককালীন মঞ্জুরী প্রদানসহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ এম ডি, ইউনুস খান, এবং কমিটির সদস্যবর্গ বৈঠকে উপস্থিত ছিলেন।